সালাত পড়বে এবং তোমাদের অধীনস্থ দাস-দাসীর সাথে সদ্ব্যবহার করবে।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তিম মুহূর্তে তার অসিয়াত এই ছিল যে, “সালাত পড়বে এবং তোমাদের
অধীনস্থ দাস-দাসীর সাথে সদ্ব্যবহার করবে। সালাত পড়বে এবং তোমাদের অধীনস্থ দাস-
দাসীর সাথে সদ্ব্যবহার করবে।” এমনকি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের শ্বাসকষ্ট শুরু হলেও তিনি বারবার একথা বলতে থাকেন। এভাবে শেষ পর্যন্ত যবান হেলে পড়তে লাগলো। [সহীহ] [নাসায়ীর সুনানুল কুবরা ও সুনানে ইবনে মাজাহ]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মৃত্যুর সময় উম্মতকে সবচেয়ে বেশি যে উপদেশ দিয়েছিলেন, তা ছিল: «তোমরা সালাতকে আঁকড়ে ধরো এবং এর প্রতি যত্নবান হও, আর এ থেকে গাফেল হয়ো না।» এছাড়াও তিনি বলেছিলেন: «তোমরা তোমাদের অধীনস্থ দাস-দাসীদের অধিকার আদায় করো এবং তাদের সাথে সদাচরণ করো।» তিনি এ কথাগুলো বারবার বলতে থাকেন, এমনকি তাঁর গলায় গড়গড় শব্দ হতে থাকে এবং তাঁর জিহ্বা এগুলো স্পষ্টভাবে উচ্চারণ করতে সক্ষম হচ্ছিল না।

http://sunnah.global/hadeeth/bn/show/66359